

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ এফ এম বিভাগ-১

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৪২৩.০৭.০০০৩.২৫ নথির বিষয়: Supply of necessary Electrical Materials, Equipments, Spare parts for repair and maintenance works under FM Division-1 সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে

নোট: ১ নোটের বিষয়: Supply of necessary Electrical Materials, Equipments, Spare parts for repair and maintenance works under FM Division-1 সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১২/৮/২৫ ১১:২৭ পূর্বাহ্ন

ক্রমিক নং-১ হতে ৪ অনুগ্রহপূর্বক দেখা যেতে পারে। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডুস সার্কেল-১ এর আওতাধীন এফ এম বিভাগ-১ এর অধীনে অর্থাৎ মডুস জোন-১/২/৩/৬/৭ এর আওতাধীন প্রায় ৬৫০টির অধিক গভীর নলকূপ চালু আছে। উল্লেখিত পাম্প সমূহের সকল প্রকার যান্ত্রিক ও বৈদ্যুতিক, ব্রেক ডাউনসহ যাবতীয় রক্ষণাবেক্ষণ কাজ এফ এম বিভাগ-১ এর মাধ্যমে সম্পাদন করা হচ্ছে। বর্তমানে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার বিভাগে এবং বিভাগীয় ভান্ডারে ইলেক্ট্রিক্যাল মালামালের মজুদ অপ্রতুল থাকায় বিষয়ভূক্ত মালামাল যেমনঃ ক্যাবল সকেট, ফেরুল, পুশ অন সুইচ, পুশ অফ সুইচ, পিআইবি টেপ, প্লাস্টিক টেপ ও এনালগ মেগারসহ ইত্যাদি মালামাল সংগ্রহ করা প্রয়োজন। এই সব মালামাল ক্রয় করে দেয়ার জন্য অত্র বিভাগের এর বাৎসরিক চাহিদায় সংদগ্রহ বিভাগ-১/২ কে চাহিদা প্রেরণ করা হয়েছে। সংগ্রহ বিভাগ হতে মালামাল সরবরাহের আগ পর্যন্ত এফ.এম বিভাগ-১ এর বিভাগীয় কার্যক্রম চলমান রাখার স্বার্থে মালামাল সমূহ জরুরী ভিত্তিতে সংগ্রহ করে মজুদ রাখা প্রয়োজন। সেই প্রেক্ষিতে পিডব্লিউডি রেইট এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (বিবেচ্য সংযুক্তি: PWD Rate and pre-approved rate.pdf, সদয় দ্রষ্টব্য)। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে সর্বমোটঃ ৯,৯৯,১৪০/- (নয় লক্ষ নিরানব্বই হাজার একশত চল্লিশ) টাকা মাত্র (বিবেচ্য সংযুক্তি: Estimate.pdf, সদয় দ্রষ্টব্য)। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার স্পয়ার পাটস খাতের ক্রমিক নং-৪, পিজি-৩ হতে নির্বাহ করা যেতে পারে (বিবেচ্য সংযুক্তি: APP-2025-26.pdf, সদয় দ্রষ্টব্য)।

সংযুক্তিসমূহ (৩):

১। APP-2025-26.pdf

২। PWD Rate and pre-approved rate.pdf


৩। Estimate.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১২/৮/২৫ ১১:২৭ পূর্বাহ্ন

আলোচ্য ক্রয় কার্যক্রমটি পিপিআর-২০০৮ এর ৬১ বিধির উপ-বিধি ১ মোতাবেক Open Tendering Method (e-GP) প্রক্রিয়ায় সম্পাদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-1, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD Form e-PG-2 এর ফরম্যাটের অনুসরণে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরি করা হবে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১২/৮/২৫ ১১:২৭ পূর্বাহ্ন

এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of necessary Electrical Materials, Equipments, Spare parts for repair and maintenance works under FM Division-1 কাজে উপস্থাপিত সর্বমোটঃ ৯,৯৯,১৪০/- (নয় লক্ষ নিরানব্বই হাজার এক শত চল্লিশ) টাকা মাত্র প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ পিপিআর-২০০৮ এর ৬১ বিধির উপ-বিধি-১ মোতাবেক Open Tendering Method (OTM, e-GP) প্রক্রিয়ায় সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আর পি ই এন্ড এম) মহোদয়ের আওতাধীন।



১২/৮/২৫ ১১:৩৮ পূর্বাহ্ন
মোঃ মুছাঝ্জের আলম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১



১২/৮/২৫ ১২:১৬ অপরাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



১২/৮/২৫ ১২:২৪ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-১

১২/৮/২৫ ১২:২৪ অপরাহ্ন
মোঃ আর-রশিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৩/৮/২৫ ৩:১৬ অপরাহ্ন
অনুমোদিত।




১৩/৮/২৫ ৩:১৭ অপরাহ্ন
মোঃ আরঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

১৩/৮/২৫ ৩:১৭ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-১


অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৩/৮/২৫ ৯:২৬ অপরাহ্ন
দরপত্র আহবানের ব্যবস্থা নিন।



১৩/৮/২৫ ৯:২৬ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-১



১৪/৮/২৫ ২:০৩ অপরাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



১৭/৮/২৫ ১১:৩৫ পূর্বাহ্ন
মোঃ মুহাম্মদুল আলম
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১